

স্মারক নং-বিএসএমআরএমইউ/রেজি-৩৩৬/২৩/০৩

তারিখ: ২৪ জুলাই ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি (চুক্তিভিত্তিক)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর জন্য নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিক অধ্যাপক/এক্সপার্ট নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে:

ক্রমিক নং	পদের নাম ও পদসংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	অধ্যাপক/এক্সপার্ট, নেভাল আর্কিটেকচার এন্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ (চুক্তিভিত্তিক)- ০২ (দুই) জন	(ক) শিক্ষাগত যোগ্যতা: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে নেভাল আর্কিটেকচার এন্ড অফশোর ইঞ্জিনিয়ারিং/নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং/অফশোর ইঞ্জিনিয়ারিং/ওশান ইঞ্জিনিয়ারিং বা সমমান বিষয়ে স্নাতক ডিগ্রি থাকিতে হইবে। পিএইচডি ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। (খ) অভিজ্ঞতা: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে এ সম্পর্কিত বিভাগে অধ্যাপক/এক্সপার্ট হিসেবে চাকুরির অভিজ্ঞতা থাকিতে হইবে। (গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) কর্মকর্তাগণও আবেদন করিতে পারিবেন।

শর্তাবলি:

- ১। অগ্রহী প্রার্থীদের স্বহস্তে পূরণকৃত ০৮ (আট) সেট আবেদনপত্র ১৩ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, ১৪/৬-১৪/২৩ পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬ ঠিকানায় ডাকযোগে/সরাসরি অফিস সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে। আবেদন ফরমসমূহ এই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmrmu.edu.bd বা রেজিস্ট্রার অফিস হইতে সংগ্রহ করা যাইবে। প্রার্থীর পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে।
- ২। প্রার্থীকে আবেদনপত্রের সহিত সদ্য তোলা ৫ সে.মি. x ৫ সে.মি. সাইজের ০৮ (আট) কপি রঙিন সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি, প্রকাশনার অনুলিপি (প্রযোজ্যক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি এবং বিদেশি বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হইতে ইস্যুকৃত সমমান সনদের সত্যায়িত অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে) জমা প্রদান করিতে হইবে। মৌখিক পরীক্ষার সময় সকল কাগজপত্রের মূল কপি প্রদর্শন করিতে হইবে।
- ৩। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ৪। আলোচনা সাপেক্ষে বেতন-ভাতা নির্ধারণ করা হইবে।
- ৫। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ